

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৮৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৭. ইলম অম্বেষণের জন্য সফর করা এবং এতে পরিশ্রম-কষ্ট সহ্য করা

بَابُ الرِّحْلَةِ فِي طَلَبِ الْعِلْم، وَاحْتِمَالِ الْعَنَاءِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا نُعَيْمُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا بَقِيَّةُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ التُّسْتَرِيِّ قَالَ قَالَ دَاوُدُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُلْ لِصَاحِبِ الْعِلْمِ يَتَّخِذْ عَصًا مِنْ حَدِيدٍ وَنَعْلَيْنِ مِنْ حَدِيدٍ وَيَعْلَيْنِ مِنْ حَدِيدٍ وَيَعْلَيْنِ مِنْ حَدِيدٍ وَيَطْلُبْ الْعِلْمَ حَتَّى تَنْكَسِرَ الْعَصَا وَتَنْخَرِقَ النَّعْلَانِ إِسناده مظلم

বাংলা

৫৮৪. আব্দুল্লাহ ইবনু আব্দুর রহমান আল-কুশাইরী হতে, তিনি বলেন, নবী দাউদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: ইলম শিক্ষার্থীকে বল, সে যেনো একটি লোহার লাঠি সাথে রাখে এবং একজোড়া লোহার জুতা পরিধান করে নেয় এরপর ইলম অন্থেষণ করতে থাকে যতক্ষণ না তার লাঠি ভেঙ্গে যায় এবং জুতা জোড়া ছিঁড়ে যায়।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ অন্ধকারাচ্ছন্ন বা 'মুযলিম'।

তাখরীজ: এসনদে এটি আমি আর কোথাও পাইনি।

তবে অন্য সনদে এটি বর্ণনা করেছেন ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ৫৭৭ (নবী মুসা আ: উপর অবতীর্ণ ওহীরূপে)।

দেখুন খতীব, আর রিহলাত, পৃ: ৮৬।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি \square বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইবনু আব্দুর রহমান আল-কুশাইরী ${\cal O}$ Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75960

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন